আটঘরিয়ায় ৯ প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল

আটঘরিয়া উপজেলার ৫ টি ইউনিয়ন
পরিষদ নির্বাচনে সোমবার
মনোনয়নপত্র বাছায়ের দিনই মোট ৯
জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল
করেছেন স্ব-স্ব ইউনিয়ন পরিষদ এর
রির্টানিং অফিসাররা।

উপজেলা নির্বাচন কর্মকর্তা মাহমুদা আক্তার জানান, সোমবার রির্টানিং অফিসার যাচাই-বাছাই এর পর ৩ জন চেয়ারম্যান, ৩ জন সংরক্ষিত মহিলা ইউপি সদস্য ও ৩ জন সাধারণ ইউপি সদস্য পদের মনোনয়নপত্র বাতিল হয়েছে।

এদের মধ্যে লক্ষীপুর ইউনিয়ন এর বিএনপির মনোনিত চেয়ারম্যান প্রার্থী কামরুল ইসলাম এবং স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মো.শহিদুল্লাহ বিশ্বাস এর সমর্থনকারী ও প্রস্তাবককারী একই ব্যাক্তি থাকায় এবং মাজপাড়া ইউনিয়ন এর স্বতন্ত্র প্রার্থী ইকবাল হোসেন শেখ এর মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর না থাকায় মনোনয়ন পত্র বাতিল ঘোষনা করেন।

দেবোত্তর ইউনিয়ন সংরক্ষিত মহিলা ইউপি সদস্য প্রার্থী শারমিন আক্তার এর ভোটার তালিকায় বয়স ২৫ বছর পূর্ণ না হওয়ায়, সাধারণ সদস্য আ.রাজ্জাক ঋণ খেলাপী, আজিরুল ইসলাম সমর্থনকারীর স্বাক্ষর জালিয়াতী, চাঁদভা ইউনিয়নের রাবেয়া বেগম এর মনোনয়নপত্রে প্রস্তাবকারীর স্বাক্ষর না থাকায়, লক্ষীপুর ইউনিয়নের আলেয়া খাতুন এর ঋণ খেলাপী থাকায়, মাজপাড়া ইউনিয়নের সাধারণ সদস্য পদে শহিদুল্লাহ শেখ ঋণ খেলাপী থাকার কারণে মনোনয়ন পত্র বাতিল করা হয়।